بسم الله الرحمن الرحيم

**الحمدلله معز الاسلام بنصره ومذل الشرك بقهره ومصرف الامور بأمره ومستدرج الكافرين بمكره الذي قدر الايام دولا بعدله وجعل العافية للمتقين بفضله والصلاة والسلام على من أعلى الله منار الاسلام بسيفه وعلى اله وصحبه ومن تبعهم باحسان الى يوم الدين اما بعد ..**



# ◘ webTRC থেকে বাঁচুন ◘

যেমনটা সর্বদা বলা হয়ে থাকে পূর্ন নিরাপত্তা কখনোই একটা ডিভাইস বা সফটওয়ারের মাধ্যমে হয় না। বরং এর জন্যে অনেক পরিমানের সতর্কতা গ্রহন করা আবশ্যক। সামনে আলোচনাটা অনেক গুরুত্বপূর্ন, কারণ অনেকেই হয়ত VPN ব্যবহার করেন বা সামনে করা ইচ্ছা আছে। তা সত্যেও webTRC আপনার আসল আইপি প্রকাশ করে দেয় যত শক্তিশালী VPN ব্যবহার করা হোক না কেন।

**WEB RTC :** এটা হচ্ছে নতুন একটি ইন্টারনেট প্রোটোকল যা জাভা স্ক্রিপ্টের মাধ্যমে তৈরি হয়েছে। এবং এটা আপনার আসল IP প্রকাশ করে দিবে VPN ব্যবহারের পরেও।

ব্রাউজারের মধ্যে **NO Script** প্লাগিন সংযুক্ত করার ফলে **java** থেকে মুক্তি পাওয়া গেলেও মাঝে মাঝে বন্ধ হয়ে যাওয়ার ভয় থাকে। তাই সেটিং থেকে বন্ধ করে নেয়াটাই উত্তম।

●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●

## প্রথমঃ কানেকশন এই সাইটে দেখুন > Ipleak.net




আপনার নিজস্ব **IP** এড্রেস যদি **WEB RTC Detection** এর নিচে প্রকাশিত হয় তাহলে বুঝা যাবে **WEBRTC** কাজ করছে।

●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●


# কিভাবে WEB RTC প্রটোকল FIREFOX ব্রাউজারে বন্ধ করা যাবে ?




- প্রথমে **Firefox** ওপেন করে উপরের ছবি মতন সার্চ বক্সে **about:config** লিখুন।




- **I'll be careful , I promise** ক্লিক করুন।



▪ আপনার সামনে বিশাল চার্ট খুলে যাবে সেখানে উপর সার্চ বক্সে এই লেখাটা লিখুন **media.peerconnection.enabled** এবং **enter** ক্লিক করুন।
▪ একেবারে শেষের অপশনে দুইবার ক্লিক করুন যাতে প্রটোকলের ভ্যালু **True** থেকে **False** হয়ে যায়।
▪ এরপর আবার কানেকশন যাচায়ের জন্য **Ipleak.net** ক্লিক করুন।




▪ যদি উপরের ছবির মত আপনার **IP** এড্রেস প্রকাশিত না হয় তাহলে **WEB RTC** থেকে মুক্ত।

●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●

## পূর্ন ভাবে WEB RTC থেকে মুক্তির জন্যে নিচের কাজগুলো করুনঃ

- সার্চ করুন **media.peerconnection.turn.disable** এটার ভ্যালু করুন **True**
- সার্চ করুন **media.peerconnection.use_document_iceservers** এটার ভ্যালু করুন **False**
- সার্চ করুন **media.peerconnection.video.enabled** এটার ভ্যালু করুন **False**
- সার্চ করুন **media.peerconnection.identity.timeout** এটার ভ্যালু করুন **1**

--- এখন আপনি **WEB RTC** এর মাধ্যমে নিজের **IP** প্রকাশ থেকে **100%** নিরাপদ ---

●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●

## অন্যান্য ব্রাউজারে কিভবে ?

- Tor বা [Orfox]() এর মাঝে **WEB RTC** প্রোটোকল ব্যবহার করা হয় না।

- গোগল ক্রোম ব্রাউজারে **Web Rtc Block** ব্যবহার করা যায় কিন্তু তা আপনাকে পূর্ন নিরাপত্তা দিবে না তাই **Firefox** ব্যবহার করুন। তেমনি ভাবে **Opera** ব্রাউজারে **"Settings"** এ গিয়ে **"Show advanced settings"** সিলেক্ট করে **"Privacy & security"** যান। সেখানে **"WebRTC"** মার্ক করে **"Disable non-proxied UDP"** করে বন্ধ করা হয়। কিন্তু এখানেও পূর্ন নিরাপত্তা পাওয়া যায় না।

- **Safari** ব্রাউজার **Ios** ডিভাইসে **WEB RTC** প্রোটোকল ব্যবহার করে না তারপরেও তার পরিবর্তে **Firefox** ব্যবহার করতে বলব।


●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●○ ●

# মোবাইলের বন্ধের নিয়মঃ

এন্ড্রয়েড মোবাইলে Firefox ছাড়া অন্য কোন ব্রাউজারে এটাকে বন্ধ করা যায় না। এন্ড্রয়েড ব্রাউজার, UC Browser, গোগোল ক্রোম, Opera Browser ছাড়াও সমস্ত ব্রাউজারে পাওয়া যায়। তবে ORFOX ও Opera Mini ব্রাউজারে এটা ব্যবহার করা হয় নাই। তাই হয়ত এগুলো ব্যবহার করুন অথবা Firefox থেকে বন্ধ করে নিন।

## **Firefox** এ **web RTC** বন্ধের নিয়মঃ

- প্রথমে ব্রাউজার খুলে সার্চ বক্সে **about:config** লিখুন ফলে নিচের মত দেখবেন




- এখানে সার্চ করুন **media.peerconnection.enabled** এবং শেষ দিলে দেখুন True  লেখা আছে সেটাতে ডাবল ক্লিক করে False  বানিয়ে দিন।
- এরপর বাস্তবেই বন্ধ হয়েছে কিনা তা দেখার জন্যে আগের মতই **Ipleak.net** ক্লিক করে দেখুন, যদি webTRC  এর নিচে আপনার আইপি প্রকাশিত হয় তাহলে সমস্যা রয়ে গেছে আর কিছুই না আসলে বুঝবেন হয়ে গেছে।

**-------------------**

আপনাদের দোয়ায় আমাদের শরীক রাখার অনুরোধ।